BGMEA University of Fashion & Technology (BUFT)
Excellence Through Education
Campus: Nishatnagar, Turag, Uttara, Dhaka-1230Tel: 09606808080, 09606950535, 09606950986, and 09606950987
Email: info@buft.edu.bd. www.buft.edu.bd

**Date: 30 August 2023**

# Notice

## Application for Janata Bank Education Loan

This is general information all that Janata Bank has introduced an education loan for the students to meet their education expenses. The details policy is attached herewith for kind information. If you have any further query or assistance, please contact to **the Registrar's office.**

By the order of the Authority

**Registrar (Acting)**
BUFT

Copy to:

1. PS to the Chairman, Trustee Board.
2. PS to VC.
3. PA to Pro-VC.
4. Treasurer.
5. All Deans.
6. DSW & Secretary of BOT.
7. Controller of Examinations.
8. CFO.
9. Director, Administration.
10. Head of Logistics
11. Director (P &D)
12. All Heads of the Departments/ Director, BIFT.
13. Librarian.
14. PR Section.
15. Accounts.
16. IT Section
17. Office Copy.

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
website: www.jb.com.bd
ফোন: ০২৪৭১২০১৭৯
রিসার্চ, প্ল্যানিং এন্ড স্ট্যাটিসটিকস ডিপার্টমেন্ট

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১০৯০/২১
তারিখঃ ২৪.১১.২০২১

সকল মহাব্যবস্থাপক / উপ-মহাব্যবস্থাপক /
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা /এরিয়া অফিস/ কর্পোরেট শাখা /সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

CFO
cc to AR.

বিষয়: দেশের অভ্যন্তরে উচ্চতর শিক্ষা গ্রহণে ইচ্ছুক বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য 'জনতা ব্যাংক শিক্ষাঋণ' নীতিমালা প্রসঙ্গে।

মহোদয়,

দেশের শীর্ষস্থানীয় রাষ্ট্রমালিকানাধীন জনতা ব্যাংক লিমিটেড জনসাধারণের সার্বিক কল্যাণসাধন ও তাদের জীবনযাত্রার মানের উন্নতি সাধনে জনতা ব্যাংক লিমিটেড-এর নিরন্তর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ইতোমধ্যে জনতা ব্যাংক লিমিটেড দেশের ভিতরে অবস্থিত বিশ্ববিদ্যালয় পর্যায়ের (মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজসহ) শিক্ষার্থীদের লেখাপড়ার ব্যয়ভার মিটানোর জন্য প্রয়োজনীয় আর্থিক সুবিধা প্রদান করা লক্ষ্যে শিক্ষাঋণ (নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮৪১/১৮, তারিখ-০১ অক্টোবর ২০১৮) চালু করা হয়। পূর্বের নীতিমালার কার্যকারিতা বাতিল করে দেশের অভ্যন্তরে উচ্চতর শিক্ষা গ্রহণে ইচ্ছুক বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য 'জনতা ব্যাংক শিক্ষাঋণ' নীতিমালা শিক্ষার্থীদের লেখাপড়ার ব্যয় মেটানোর উদ্দেশ্যে শিক্ষাঋণ কর্মসূচী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

২.০০। **ঋণ কর্মসূচির নাম:** 'জনতা ব্যাংক শিক্ষাঋণ'

২.০১। **ঋণের উদ্দেশ্য:** দেশের অভ্যন্তরে উচ্চতর শিক্ষা (স্নাতক/ স্নাতকোত্তর) গ্রহণে ইচ্ছুক বাংলাদেশী শিক্ষার্থীদের লেখাপড়ার ব্যয়ভার মিটানোর জন্য প্রয়োজনীয় আর্থিক সুবিধা প্রদান করাই এ ঋণের উদ্দেশ্যে।

২.০২। **ঋণের প্রকৃতি:** মধ্যমেয়াদী ঋণ।

২.০৩। **ঋণ প্রাপ্তির যোগ্যতা:**

ঋণ গ্রহীতার যোগ্যতা ও শিক্ষার্থীর ফলাফল:

ক) শিক্ষার্থীকে ন্যূনতম এইচএসসি/ সমমান পাশ হতে হবে।

খ) শিক্ষার্থী যে কলেজ/ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে, তা সরকার ও ইউজিসি কর্তৃক অনুমোদিত বিরূপ মন্তব্যহীন হতে হবে।

গ) মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং- এ অধ্যয়নরত কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এবং অন্যান্য বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষা গ্রহণকারীদেরকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

ঘ) ঋণ গ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের ক্ষেত্রে লেখাপড়ার ব্যয় সংকুলান করার জন্য এ ঋণ প্রদান করা হবে (সহজামানত ব্যতীত)। সে কোনো কোর্সে অধ্যয়নরত হলে ঋণের আবেদনকালের সর্বশেষ পাশকৃত/ পূর্ববর্তী সেমিস্টার/ ইয়ার ফাইনাল পরীক্ষায় সকল বিষয়ে সফলভাবে উত্তীর্ণ হতে হবে।

ঙ) ঋণ গ্রহীতার বয়সঃ ন্যূনতম ১৮ বছর।

২.০৪। **ঋণসীমা:**

| | |
|---|---|
| শিক্ষার্থীদের ক্ষেত্রে | : সর্বোচ্চ ৮.০০ লক্ষ টাকা (প্রতি বছর ২.০০ লক্ষ টাকা করে/ সেমিস্টারের সমানুপাতিক হারে)। |

চলমান পাতা-০২

বিষয়: দেশের অভ্যন্তরে উচ্চতর শিক্ষা গ্রহণে ইচ্ছুক বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য 'জনতা ব্যাংক শিক্ষাঋণ ' নীতিমালা।

২.০৫। **ঋণের পরিশোধের মেয়াদ:** সর্বোচ্চ ১০ বছর (১২০ কিস্তি)।

২.০৬। **ঋণ বিতরণকারী শাখা:** সকল শাখা

২.০৭। **সুদের হার:** বাৎসরিক ৭.০০% (পরিবর্তনশীল)

২.০৮।**ঋণমঞ্জুরি ক্ষমতা:**

(লক্ষ টাকায়)

| শাখা ব্যবস্থাপক (৩য় ও ৪র্থ গ্রেড) | শাখা ব্যবস্থাপক (১ম ও ২য় গ্রেড) | এজিএম | ডিজিএম | জিএম | ডিএমডি/এমডি |
|---|---|---|---|---|---|
| ১.০০ | ২.০০ | ৫.০০ | ৭.০০ | ৮.০০ | -- |

২.০৮.০১। **মোট বরাদ্দ-** প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে ৫ বছরে সর্বমোট ১০.০০ কোটি টাকা ঋণমঞ্জুরি ও বিতরণ কার্যক্রম চালু করা যেতে পারে। তদানুযায়ী ১ম বছরে ১.০০ কোটি টাকা, ২য় বছরে ১.৫ কোটি টাকা, ৩য় বছরে ২.০০ কোটি টাকা, ৪র্থ বছরে ২.৫০ কোটি টাকা এবং ৫ম বছরে ৩.০০ কোটি টাকা করে 'জনতা ব্যাংক শিক্ষাঋণ' বরাদ্দপূর্বক মঞ্জুরি ও বিতরণ করা যেতে পারে ।

২.০৯। **প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

**২.০৯.০১। দেশে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

ঋণের আবেদনপত্র (এ্যানেক্সার-'ক')-এর সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে:

ক) শিক্ষার্থীর কলেজ/ বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ড-এর সত্যায়িত ফটোকপি।

খ) শিক্ষার্থীর বয়স প্রমাণের জন্য এসএসসি/ সমমান পরীক্ষার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

গ) শিক্ষার্থীর অভিভাবকত্ব প্রমাণের জন্য কলেজ/ বিশ্ববিদ্যালয়ের যে বিভাগে শিক্ষার্থী অধ্যয়নরত সেই বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

ঘ) কলেজ/ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হতে সংশ্লিষ্ট কোর্স/ ডিগ্রি সম্পন্ন করার মোট সম্ভাব্য ব্যয় বিবরণী।

ঙ) শিক্ষার্থীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি।

চ) গ্যারান্টরের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসহ স্থায়ী ঠিকানা ও স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের প্রত্যয়নপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি সত্যায়িত ছবি গ্রহণ করতে হবে।।

ছ) অন্যান্য আনুসঙ্গিক কাগজপত্র ও দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে)।

২.১০। **ঋণ বিতরণ পদ্ধতি:**

শিক্ষার্থীর লেখাপড়ার ব্যয় সংকুলান করার জন্য এ ঋণ প্রদান করা হবে। তাদের ঋণ প্রদান পদ্ধতি জামানতবিহীন হবে। তবে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য গ্যারান্টর প্রদান করতে হবে। ঋণের আবেদনকারী কোন শিক্ষার্থী সেমিস্টার/ ইয়ার ফাইনাল পরীক্ষার ফলাফলের সার্টিফিকেটের সত্যায়িত কপি ও নিয়মিত শিক্ষার্থী- এ মর্মে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ণপত্র- ঋণ পাবার জন্য বিবেচিত হবেন। একাডেমিক শিক্ষাবর্ষ/ সেমিস্টার হলে সে অনুযায়ী কিস্তি বিতরণ পদ্ধতি নির্ধারণ করতে হবে। পরবর্তী কিস্তি বিতরণের পূর্বে নিয়মিত শিক্ষার্থী এ মর্মে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ণপত্র দাখিল নিশ্চিত হয়ে কিস্তি বিতরণ করতে হবে। প্রতি বছর সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা করে সর্বোচ্চ ৪ বার প্রদান করা হবে।

২.১১। **ঋণ পরিশোধ/ আদায় পদ্ধতি:** ঋণগ্রহীতাকে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে কিস্তি পরিশোধ করতে হবে। ঋণ গ্রহীতার অনুপস্থিতিতে ঋণের গ্যারান্টরকে ব্যাংকের পাওনা পরিশোধের দায়িত্ব গ্রহণ করতে হবে। শিক্ষার্থীর লেখাপড়ার ব্যয় সংকুলান করার জন্য এ ঋণ প্রদান করা হবে এবং তার পড়াশুনা শেষ হওয়ার ৬ মাস পর হতে কিস্তি আদায়যোগ্য হবে।

চলমান পাতা-০৩

**বিষয়: দেশের অভ্যন্তরে উচ্চতর শিক্ষা গ্রহণে ইচ্ছুক বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য 'জনতা ব্যাংক শিক্ষাঋণ ' নীতিমালা।**

তবে ঋণ মঞ্জুরিকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত সময়সীমা আরও ৬ মাস বৃদ্ধি করতে পারবেন। শিক্ষার্থী অথবা তার গ্যারান্টর শিক্ষার্থীর লেখাপড়া শেষ হবার ৬ মাস পর হতে ঋণের কিস্তি পরিশোধে বাধ্য থাকবেন- মর্মে তাদের নিকট হতে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে। শিক্ষার্থী বা তার অভিভাবকের নিকট হতে ঋণের কিস্তির সমান সংখ্যক এবং তার অতিরিক্ত ১টি অগ্রিম তারিখযুক্ত চেক গ্রহণ করতে হবে। কোনো শিক্ষার্থী বিশেষ কারণে লেখাপড়া বন্ধ করলে তৎপরবর্তী ৬ মাস পর হতে কিস্তি আদায়যোগ্য হবে এবং শিক্ষার্থী অথবা তার গ্যারান্টর ঋণের কিস্তি পরিশোধে বাধ্য থাকবেন। ঋণগ্রহীতা শিক্ষার্থী লেখাপড়া শেষ হবার আগে অথবা কর্মসংস্থান হবার পর ঋণ পরিশোধ করতে পারবেন।

২.১২। **তদারকি ও পরিবীক্ষণ:** শাখা ব্যবস্থাপক/ ঋণ কর্মকর্তা কর্তৃক নিবিড় তদারকি, নিয়মিত ফলোআপ ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঋণের কিস্তি যথাসময়ে আদায় নিশ্চিত করতে হবে। পাশাপাশি এরিয়া অফিস/ বিভাগীয় কার্যালয় থেকেও ঋণের তদারকি ও মনিটরিং নিশ্চিত করতে হবে। এছাড়া প্রধান কার্যালয়ের রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৪ সার্বিক তদারকি করবে।

২.১৩। **রিপোর্টিং:** এ ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের মাসিক বিবরণী প্রধান কার্যালয়ের রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৪ বরাবর প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নিয়মিত প্রেরণ করতে হবে।

২.১৪। **দায়-দেনা ও সিআইবি রিপোর্ট গ্রহণ:** ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী হালনাগাদ দায়-দেনার তথ্য ও সন্তোষজনক সিআইবি রিপোর্ট গ্রহণ করতে হবে।

২.১৫। **ঋণের জামানতঃ**

ক) যথাযথ স্ট্যাম্প সহকারে ঋণ পরিশোধের জন্য ঋণগ্রহীতার ব্যক্তিগত জামিননামা (গ্যারান্টি) নিতে হবে।

খ) ঋণ পরিশোধের নিশ্চয়তাস্বরূপ ঋণগ্রহীতার স্বামী/ স্ত্রী/ পিতা/ মাতা/ সহোদর ভাই / সাবালক সন্তান অথবা সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাসরত প্রাইমারী স্কুল/ হাইস্কুল/ কলেজ/ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পোস্ট মাস্টার, ডাক্তার অথবা সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত কর্মকর্তা ও সমাজে প্রতিষ্ঠিত ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে তৃতীয় পক্ষীয় গ্যারান্টি গ্রহণ করতে হবে। উল্লেখ্য, গ্যারান্টি প্রদানকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে অবশ্যই ব্যাংকের নিকট গ্রহণযোগ্য হতে হবে।

গ) শিক্ষার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসির (সমমান) সার্টিফিকেট ব্যাংকের নিকট গচ্ছিত রাখতে হবে। এক্ষেত্রে ঋণ পরিশোধের পূর্বে শিক্ষার্থীদের মূল সনদ ফেরত প্রয়োজন হলে তার কর্মস্থল হতে ঋণ পরিশোধের নিশ্চয়তাপত্র গ্রহণ করতে হবে। তবে দেশের বাহিরে উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে আবশ্যকীয়ভাবে সমুদয় বকেয়া ঋণ পরিশোধ করতে হবে।

ঘ) ঋণের কিস্তির সমান সংখ্যক এবং তার অতিরিক্ত ১টি অগ্রিম তারিখযুক্ত চেক গ্রহণ করতে হবে। শিক্ষার্থী বা তার অভিভাবকের নিকট হতে ঋণের কিস্তির বিপরীতে অগ্রিম তারিখ যুক্ত চেক গ্রহণ করতে হবে। চেক ডিজঅনার হলে এন আই এ্যাক্ট-১৮৮১- এর বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.১৬। **চার্জ ডকুমেন্টস:**

ক) ডিপি নোট
খ) লেটার অব এ্যারেঞ্জমেন্ট
গ) লেটার অব ডিসবার্সমেন্ট
ঘ) লেটার অব গ্যারান্টি।
ঙ) লেটার অব লিয়েন (প্রযোজ্য ক্ষেত্রে)।
চ) ব্যাংকের প্রচলিত নিয়ম মোতাবেক অন্যান্য চার্জ ডকুমেন্টস ।

চলমান পাতা-০৪

**বিষয়ঃ দেশের অভ্যন্তরে উচ্চতর শিক্ষা গ্রহণে ইচ্ছুক বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য 'জনতা ব্যাংক শিক্ষাঋণ ' নীতিমালা।**

২.১৭। অন্যান্য শর্তাবলীঃ

ক) ব্যাংক হতে গৃহিত ঋণের অর্থ কোনক্রমেই অন্য উদ্দেশ্যে/ খাতে ব্যবহার করা যাবে না মর্মে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

খ) ঋণ আবেদনকারী কর্তৃক ব্যাংকের অন্য কোনো শাখা হতে উক্ত কর্মসূচীর আওতায় কোন ঋণ নেয়া হয় নাই মর্মে ঘোষণাপত্র নিতে হবে।

গ) ঋণ প্রক্রিয়াকরণ, বিতরণ ও আদায়ের ক্ষেত্রে ব্যাংকের বিভিন্ন সময়ে জারিকৃত প্রজ্ঞাপন ও বিধি-বিধান প্রযোজ্য হবে।

ঘ) 'জনতা ব্যাংক শিক্ষাঋণ ' কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণ এবং সুদের তথ্য নিম্নোক্ত হেড ও কোড নম্বরের বিপরীতে প্রদর্শন করতে হবে-

| Sl | Head of Accounts | COA Code | MIS Code | Asset / Liability/ Income/Expense |
|---|---|---|---|---|
| 01 | Janata Bank Shikkha Rin | 1220301018 | 10443 | Asset |
| 02 | Interest A/C Janata Bank Shikkha Rin | 1230101121 | 2010030 | Income |
| 03 | Interest Receivable on JB Shikkha Rin | 1220502019 | 10720 | Asset |

এমতাবস্থায়, উপরে বর্ণিত নীতিমালা ও নির্দেশাবলী অনুসারে আলোচ্য খাতে ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

---------
জেসমীন আরা
উপ-মহাব্যবস্থাপক

---------
দেলওয়ারা বেগম
মহাব্যবস্থাপক

এ্যানেক্সার-'ক'

**জনতা ব্যাংক লিমিটেড**
প্রধান কার্যালয়, ঢাকা।

পাসপোর্ট আকারের ছবি
(২ কপি)

'জনতা ব্যাংক শিক্ষাঋণ'- এর আবেদনপত্র

ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
............................শাখা
............................ ।

প্রিয় মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী আমার জনাব ...................................................................এর লেখাপড়ার ব্যয় নির্বাহের উদ্দেশ্যে 'জনতা ব্যাংক শিক্ষাঋণ' কর্মসূচির আওতায় ......................... টাকা ঋণ প্রদানের জন্য আবেদন করিতেছি এবং উক্ত ঋণ মঞ্জুর করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাইতেছি। আমার ব্যক্তিগত ও এতদসম্পর্কিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইলঃ

১. নাম ও পেশা ঃ ..........................................................................................
২. পিতার নাম ও পেশা ঃ ..........................................................................................
৩. মাতার নাম ও পেশা ঃ ..........................................................................................
৪. স্বামী/স্ত্রীর নাম ও পেশা (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ ..........................................................................
৫. জন্ম তারিখ ঃ ..........................................................................................
৬. শিক্ষাগত যোগ্যতা ঃ ..........................................................................................
৭. জাতীয় পরিচয়পত্র নং ঃ ..........................................................................................
৮. বর্তমান ঠিকানা ঃ ..........................................................................................
৯. স্থায়ী ঠিকানা ঃ ..........................................................................................
১০. ফোন/মোবাইল ফোন নম্বর ঃ ..........................................................................................
১১. শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন নম্বরঃ
..........................................................................................................................
..........................................................................................................................
১২. বিস্তারিত তথ্য (বিষয়, সেশন ও সেমিস্টার সংক্রান্ত)ঃ
ক) বিষয়-..................................................................খ) সেশন-...............................
গ) সেমিস্টার-.............................................................ঘ) রোল নং-............................
ঙ) রেজিঃ নং ও আইডি নং-..........................................................................................
চ) ইমেইল আইডি নং-................................................................................................
ছ) অন্যান্য তথ্যাবলী-................................................................................................

আমি নিশ্চয়তা প্রদান করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সঠিক।

তারিখঃ ..................................

------------------------------------------
ঋণ আবেদনকারীর পূর্ণ নামসহ স্বাক্ষর